গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
(নেজারত শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১০.১১.০০১.২৩- ১৭৬১/৭

তারিখ: ০৬ চৈত্র ১৪২৯ / ২০ মার্চ ২০২৩

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.১৬৬.১১.০৩১.১৫.২৩-২৮ তারিখ: ০৯/০৩/২০২৩ মূলে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ও আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহে বিভিন্ন শূন্য পদ অস্থায়ীভাবে পূরণের নিমিত্ত ঢাকা জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ২১ (একুশ) টি | গ্রেড- ২০ (৮২৫০-২০০১০) | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | পরিচ্ছন্নতাকর্মী | ০৬ (ছয়) টি | গ্রেড- ২০ (৮২৫০-২০০১০) | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | নিরাপত্তা প্রহরী | ০৪ (চার) টি | গ্রেড-২০ (৮২৫০-২০০১০) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

## শর্তাবলী:

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়স ২৪/০৪/২০২৩ তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৩। জেলা প্রশাসক, ঢাকা বরাবর নির্ধারিত ছকে লিখিত আবেদনপত্র আগামী ২৪/০৪/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, ঢাকা এর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত আবেদন ফরমটি www.mopa.gov.bd ও www.dhaka.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে। নির্ধারিত ছকে আবেদন না করলে আবেদনপত্র ত্রুটিযুক্ত ও বাতিল বলে গণ্য হবে।

০৪। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

০৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৬। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত আবেদনের খামের উপর পদের নাম ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি এবং স্ট্যাম্প সাইজের ০১ (এক) কপি সত্যায়িত ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদপত্রের সত্যায়িত ফটোকপি। কোন নম্বরপত্র বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঘ) প্রার্থীর আবেদনে উল্লিখিত জাতীয় পরিচয়পত্র এবং জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরসভার মেয়র অথবা সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র।

(চ) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) কোড নং ১-০৭৪২-০০০০-২০৩১ তে ৫০/- (পঞ্চাশ) টাকা সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা প্রদান করে ট্রেজারি চালানের মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ছ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর সুবিধার্থে পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার অব্যবহৃত ডাক টিকিট লাগানো ১০"x ৪" একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম ও বিশেষ কোটা (যদি থাকে) এবং ডান পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

(জ) বিভাগীয় (চাকরিরত প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য) প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের কোন আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবেনা।

(ঝ) সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারীকে অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবিসহ সিল থাকতে হবে।

(ঞ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হিসাবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং পরিপত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ |
|---|---|---|---|---|
| | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর<br>৩। গেজেট নম্বর ও তারিখ<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ<br>(ক্রমিক ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ নং ক্রমিকে বর্ণিত প্রমাণক দাখিল করতে হবে)। | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ<br>২। জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি করপোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ |

০৮। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা)/মহিলা/আনসার ও ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠি প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে কোটার দাবির সমর্থনে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের অনুলিপির সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং মূলকপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌরসভা মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর প্রত্যয়নপত্র থাকতে হবে।

ক্ষুদ্র নৃ-গোষ্ঠিভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠি সনদপত্র দাখিল করতে হবে এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ দপ্তর/বিভাগ/সংস্থার প্রধান কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে।

(গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল সনদপত্রের মূলকপি দেখাতে হবে।

(ঘ) নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রে উল্লিখিত সকল রেকর্ডপত্রের সত্যায়িত ০১(এক) সেট মৌখিক পরীক্ষা গ্রহণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

(ঙ) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা) হিসেবে আবেদনকারী চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি/নাতনী এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

০৯। নিয়োগ প্রাপ্তির পর কোন তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদানের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত বা অতিরিক্ত শর্ত সংযোজন ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই নিয়োগের শর্ত পরিবর্তন, পরিবর্ধন, পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং উক্ত বিজ্ঞপ্তি বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা বিবেচিত হবে।

১৪। এ নিয়োগ বিজ্ঞপ্তিতে শূণ্য পদসমূহ পূরণে ২৮ জুন,২০২০ তারিখে প্রকাশিত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

২০/০৩/২০২৩

মোহাম্মদ মমিনুর রহমান
জেলা প্রশাসক
ঢাকা
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
E-mail: dcdhaka@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১০.১১.০০১.২৩ - ১৭৬১/১

তারিখ: ০৬ চৈত্র ১৪২৯ / ২০ মার্চ ২০২৩

অনুলিপি; সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে, (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। পুলিশ সুপার, ঢাকা।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
০৫। সিভিল সার্জন, ঢাকা।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(এল,এ)/(শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা।
০৭। ............................................................................ (জেলা পর্যায়ের অফিসসমূহ)।
০৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সেগুনবাগিচা, ঢাকা।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সকল)/সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
১০। এনডিসি/আরডিসি/জিসিও/এলএও, ঢাকা।
১১। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, .................................................. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১২। সহকারী কমিশনার (ভূমি), ................................................(সকল) (নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ( জেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা ।
১৫। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১৬। সম্পাদক, দৈনিক ---------------------------- /দৈনিক -------------------------------, ঢাকা। তাঁকে উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ২৪/০৩/২০২৩ তারিখের মধ্যে পত্রিকার মধ্যের পাতায় এক দিনের জন্য প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো এবং প্রকাশিত সংখ্যার ০৫(পাঁচ) কপি এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
১৭। নোটিশ বোর্ড।

২০/৩/২০২৩

জেলা প্রশাসক
ঢাকা